গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

ঢাকা, সোমবার ১৫ ডিসেম্বর ২০১৬, ১ পৌষ ১৪২৩

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। বিনম্র শ্রদ্ধায় শহিদ বুদ্ধিজীবীদের স্মরণ

২। যুদ্ধাপরাধীদের আশ্রয় ও প্রশ্রয়দাতাদেরও বিচার হবে : প্রধানমন্ত্রী

৩। সন্ত্রাস-জঙ্গিবাদের কারণ ও অর্থের উৎস খুঁজে বের করুন : প্রধানমন্ত্রী

৪। পুঁজিবাজারে আসছে সরকারি আরও ২৬ প্রতিষ্ঠান : অর্থমন্ত্রী

৫। শহিদ বুদ্ধিজীবীদের পূর্ণাঙ্গ তালিকা আগামী জুলাইয়ের মধ্যে : মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী

৬। মিথ্যা প্রচারের জন্য ইন্টারনেট ব্যবহার করতে দেওয়া হবে না : প্রধানমন্ত্রীর আইসিটি উপদেষ্টা

৭। পিআইবিতে ১৩ শহিদ সাংবাদিকের স্মৃতিফলক স্থাপন

৮। কলকাতায় বাংলাদেশ বিজয় উৎসব শুরু আজ

৯। প্রধানমন্ত্রীর বিমানে গোলযোগের ঘটনায় আরও তিন প্রকৌশলী বরখাস্ত

১০। পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা.) পালিত

চলমান পাতা-২

১। **বিনম্র শ্রদ্ধায় শহিদ বুদ্ধিজীবীদের স্মরণ**

বিনম্র শ্রদ্ধা ও ভালবাসায় জাতির শ্রেষ্ঠ সন্তান শহিদ বুদ্ধিজীবীদের স্মরণ, সব যুদ্ধাপরাধীদের ফাঁসি কার্যকর, জঙ্গি অর্থায়ন বন্ধসহ জামায়াত নিষিদ্ধ এবং দেশবিরোধী সব ষড়যন্ত্র রুখে দেওয়ার প্রত্যয়ের মধ্য দিয়ে যথাযোগ্য মর্যাদায় ও ভাবগম্ভীর পরিবেশে গতকাল ১৪ ডিসেম্বর বুধবার শহিদ বুদ্ধিজীবী দিবস পালন করেছে দেশবাসী। সকাল ৭টা ১০ মিনিটে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনা শহিদ বুদ্ধিজীবী স্মৃতিস্তম্ভে পুষ্পস্তবক অর্পণ করেন। রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী দুজনই শ্রদ্ধা নিবেদন শেষে দাঁড়িয়ে থাকেন। এ সময় বিউগলে করুণ সুর বাজানো হয়। শহিদদের সম্মানে সশস্ত্র বাহিনীর একটি চৌকস দল গার্ড অব অনার প্রদান করে। শহিদদের প্রতি শ্রদ্ধা নিবেদন শেষে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী যুদ্ধাহত মুক্তিযোদ্ধা ও শহিদ বুদ্ধিজীবী পরিবারের সদস্যদের সঙ্গে কুশল বিনিময় করেন এবং তাদের খোঁজ-খবর নেন। পরে প্রধানমন্ত্রী শেখ হাসিনা আওয়ামী লীগ নেতাদের সঙ্গে নিয়ে দলের পক্ষে শহিদ বুদ্ধিজীবীদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** (পৃ.১,ক.৫)।

যুগান্তর, সমকাল, ইত্তেফাক, ইনকিলাব, অবজারভার, নিউ এজসহ অধিকাংশ পত্রিকা এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

২। **যুদ্ধাপরাধীদের আশ্রয় ও প্রশ্রয়দাতাদেরও বিচার হবে : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, একাত্তরের গণহত্যাকারী, স্বাধীনতাবিরোধী ও বুদ্ধিজীবী হত্যাকারী যুদ্ধাপরাধীদের যারা মদদ দিয়েছে, লাখো শহীদের রক্তে রঞ্জিত পতাকা তাদের হাতে তুলে দিয়ে অপমান করেছে, তারাও সমান অপরাধী। তাই যুদ্ধাপরাধীদের পাশাপাশি যুদ্ধাপরাধীদের মদদদাতাদেরও একদিন বিচার হবে। দেশবাসীর এই অপশক্তির বিরুদ্ধে সোচ্চার ও ঐক্যবদ্ধভাবে রুখে দাঁড়ানোর সময় এসেছে। শহিদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে গতকাল ১৪ ডিসেম্বর বুধবার রাজধানীর খামারবাড়িস্থ কৃষিবিদ ইনস্টিটিউশন মিলনায়তনে আওয়ামী লীগ আয়োজিত আলোচনা সভায় প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৮), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৫)।

৩। **সন্ত্রাস-জঙ্গিবাদের কারণ ও অর্থের উৎস খুঁজে বের করুন : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা সন্ত্রাস ও জঙ্গিবাদ উচ্ছেদে তার দৃঢ় সংকল্প পুনর্ব্যক্ত করে এই অশুভ শক্তিকে পরাজিত করতে এর কারণ ও অর্থের উৎস খুঁজে বের করার আহ্বান জানিয়েছেন। প্রধানমন্ত্রী বলেন, জঙ্গিবাদ ও সন্ত্রাসবাদ একটি বিশ্বব্যাপী উদ্বেগজনক সমস্যা। এই সভ্যতা বিনাশী প্রবণতা নির্মূলে এর কারণ, উৎস ও প্রতিকারের উপায় নিরূপণ জরুরি। তিনি বলেন, তার সরকার জঙ্গি নির্মূল ও সন্ত্রাসবাদ দমনে প্রয়োজনীয় সব রকম ব্যবস্থা নিয়েছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা গত ১৩ ডিসেম্বর সোমবার মিরপুর সেনানিবাসে ন্যাশনাল ডিফেন্স কোর্স-২০১৬ (এনডিসি) এবং আমর্ড ফোর্সেস ওয়ার কোর্স-২০১৬ (এএফডব্লিউসি) এর গ্রাজুয়েশন অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে এ কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৪), **ডেইলি স্টার** (পৃ.২,ক.১)।

৪। **পুঁজিবাজারে আসছে সরকারি আরও ২৬ প্রতিষ্ঠান : অর্থমন্ত্রী**

সরকারি আরও ২৬ প্রতিষ্ঠানকে শীঘ্রই পুঁজিবাজারে তালিকাভুক্ত করা হবে বলে জানিয়েছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। এ লক্ষ্যে কাজ চলছে বলেও তিনি জানান। গতকাল ১৪ ডিসেম্বর সচিবালয়ে ব্রোকারেজ হাউসগুলোর সংগঠন ডিবিএ নেতাদের সঙ্গে বৈঠকে তিনি এসব কথা জানান। অর্থমন্ত্রী বলেন, ২৬টি সরকারি প্রতিষ্ঠান শেয়ারবাজারে আনার কাজ চলছে। সম্প্রতি আমরা একটা বৈঠক করেছি, এ প্রক্রিয়া এগিয়ে নিতে কাগজপত্র তৈরি হচ্ছে । সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৭), **ইত্তেফাক** (পৃ.১৮,ক.৫), **নিউ নেশন** (পৃ.১৩,ক.৫), **ডেইলি সান বিজনেস পাতা** (পৃ.১,ক.২)।

৫। **শহিদ বুদ্ধিজীবীদের পূর্ণাঙ্গ তালিকা আগামী জুলাইয়ের মধ্যে : মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী**

অগামী জুলাই মাসের মধ্যে শহিদ বুদ্ধিজীবীদের পূর্ণাঙ্গ তালিকা বই আকারে প্রকাশ করা হবে বলে জানিয়েছেন মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক। গতকাল ১৪ ডিসেম্বর বুধবার রায়েরবাজার বধ্যভূমি স্মৃতিসৌধে শ্রদ্ধা নিবেদন শেষে একথা বলেন তিনি। মন্ত্রী বলেন, আমরা সব জেলা থেকে তালিকা সংগ্রহ করছি। বিভিন্ন জেলা প্রশাসন, ঘাতক দালাল নির্মূল কমিটিসহ যারা মুক্তিযুদ্ধের চেতনাকে ধারণ ও লালন করেছে, তাদের মাধ্যমে আমরা জেলা ভিত্তিক সেই তালিকাগুলো গ্রহণ করছি। সংকলন করে বই আকারে প্রকাশ করব। আশা করি আগামী জুলাই মাসে আমরা শহিদ বুদ্ধিজীবীদের পূর্ণাঙ্গ তালিকা পাব এবং গেজেট আকারে প্রকাশ করা হবে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.২), **ইত্তেফাক** (পৃ.১৫,ক.৮), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৪), **অবজারভার** (শেষ পৃ.,ক.৮)।

৬। মিথ্যা প্রচারের জন্য ইন্টারনেট ব্যবহার করতে দেওয়া হবে না : প্রধানমন্ত্রীর আইসিটি উপদেষ্টা

প্রধানমন্ত্রীর আইসিটি উপদেষ্টা সজীব ওয়াজেদ জয় বলেছেন, বাংলাদেশ সরকার বাক-স্বাধীনতা ও মুক্ত সাংবাদিকতায় অঙ্গীকারবদ্ধ। কিন্তু মিথ্যা কথা প্রচারের জন্য সন্ত্রাসীদের ইন্টারনেট ব্যবহার করতে দেওয়া হবে না। কোনো ভয়াবহ ঘটনাকে অতিরঞ্জিতভাবে প্রকাশ করতে দেওয়া হবে না। গত ১৩ ডিসেম্বর সোমবার জাপানের একটি জার্নালে প্রকাশিত এক নিবন্ধে তিনি এ বিষয়ে লিখেছেন। টোকিও ভিত্তিক শীর্ষ অনলাইন জার্নাল, দ্য ডিপ্লোমেট-এ প্রকাশিত নিবন্ধের শিরোনাম 'বাংলাদেশ ফাইটস মেলিসিয়াস ফেসবুক পোস্টিংস, অনলাইন হেইট'। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.৪), **ইনকিলাব** (পৃ.১,ক.১), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.৪) **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৬)।

৭। পিআইবিতে ১৩ শহিদ সাংবাদিকের স্মৃতিফলক স্থাপন

একাত্তরে বিজয়ের ঠিক আগ মুহূর্তে রাজাকার-আলবদর বাহিনীর সহযোগিতায় বাঙালি জাতিকে মেধাশূন্য করতে পাকিস্তানি বাহিনী পরিকল্পিতভাবে হত্যা করে বহু খ্যাতিমান বাঙালিকে; সেই বাঙালি শ্রেষ্ঠ সন্তানদের মধ্যে ১৩ জন শহিদ সাংবাদিককে লাল-সবুজ জমিনে মার্বেল পাথরে শিল্পীর সাদা-কালো আঁচড়ে ফ্রেমবন্দী করা হয়েছে। বাংলাদেশ প্রেস ইনস্টিটিউটের (পিআইবি) এক কক্ষে ছবিসম্বলিত এই 'শহিদ সাংবাদিক স্মৃতিফলক' স্থাপন করা হয়। এতে ১৩ জন সাংবাদিকের সংক্ষিপ্ত পরিচিতিও তুলে ধরা হয়েছে। গতকাল ১৪ ডিসেম্বর বুধবার শহিদ সাংবাদিক স্মৃতিফলক উন্মোচন করেন তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু। এ সময় প্রধানমন্ত্রীর তথ্য উপদেষ্টা ইকবাল সোবহান চৌধুরী, প্রধান তথ্য কর্মকর্তা এ কে এম শামীম চৌধুরী, বাংলাদেশ সংবাদ সংস্থার প্রধান সম্পাদক আবুল কালাম আজাদ, ভোরের কাগজের সম্পাদক শ্যামল দত্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **প্রথম আলো** (পৃ.৩,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.৮), **নিউ এজ** (পৃ.২,ক.১)।

৮। কলকাতায় বাংলাদেশ বিজয় উৎসব শুরু আজ

ভারতের কলকাতায় নেতাজী ইনডোর স্টেডিয়ামে আজ বৃহস্পতিবার থেকে ৫ দিনব্যাপী বাংলাদেশ বিজয় উৎসব শুরু হচ্ছে। কলকাতায় বাংলাদেশ উপ-হাইকমিশন আয়োজিত এ উৎসবের উদ্বোধন করবেন শিল্পমন্ত্রী আমির হোসেন আমু। উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী । উৎসবে বাংলাদেশের জামদানি, টাঙ্গাইলের তাঁত, রাজশাহীর সিল্কসহ বিভিন্ন ধরনের শাড়ি, পাট ও পাটজাত দ্রব্য এবং কারু ও হস্তশিল্পসহ অন্যান্য পণ্য প্রদর্শন করা হবে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.৩,ক.৭), **ইত্তেফাক** (পৃ.১৫,ক.১), **এশিয়ান এজ** (পৃ.৩,ক.২), **ডেইলি সান** (পৃ.১৪,ক.১)।

৯। প্রধানমন্ত্রীর বিমানে গোলযোগের ঘটনায় আরও তিন প্রকৌশলী বরখাস্ত

প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে বহনকারী ফ্লাইটের ইঞ্জিনে ত্রুটির ঘটনায় রাষ্ট্রীয় সংস্থা বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের আরও তিনজন শীর্ষ প্রকৌশলীকে সাময়িক বরখাস্ত করা হয়েছে। এরা হলেন চিফ ইঞ্জিনিয়ার (প্রডাকশন) দেবেশ চৌধুরী, চিফ ইঞ্জিনিয়ার (কোয়ালিটি অ্যাসিউরেন্স) এস এ সিদ্দিক ও প্রিন্সিপাল ইঞ্জিনিয়ার (সিস্টেম অ্যান্ড মেইনটেইনেন্স) বিল্লাল হোসেন। ঘটনা তদন্তে বিমানের তিন সদস্যের কমিটির চূড়ান্ত প্রতিবেদনের ভিত্তিতে তাদের বরখাস্ত করা হয় বলে সংস্থার জনসংযোগ বিভাগের মহাব্যবস্থাপক শাকিল মেরাজ জানিয়েছেন। তিনি বলেন, প্রধানমন্ত্রীর বিমানে ত্রুটির ঘটনা তদন্তে বিমানের ক্যাপ্টেন ফজল মাহমুদ চৌধুরীর নেতৃত্বে তিন সদস্যবিশিষ্ট যে তদন্ত কমিটি করা হয়েছিল, গত ১৩ ডিসেম্বর সোমবার সেই কমিটি বিমানের ব্যবস্থাপনা পরিচালক মোসাদ্দেক আহমেদের কাছে চূড়ান্ত প্রতিবেদন দাখিল করেছেন। কমিটির সুপারিশের ভিত্তিতে তিন জনকে সাসপেন্ড করা হয়েছে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **সমকাল** (পৃ.২,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** (পৃ.১,ক.৬)।

১০। পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা.) পালিত

যথাযথ মর্যাদা ও ধর্মীয় ভাবগাম্ভীর্যের মধ্য দিয়ে গত ১৩ ডিসেম্বর মঙ্গলবার সারাদেশে পালিত হয়েছে পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা.)। প্রতি বছরের মতো এবারও বিভিন্ন সামাজিক, রাজনৈতিক ও ধর্মীয় সংগঠন বিস্তারিত কর্মসূচির মাধ্যমে পালন করে রাসূল (সা.) এর জন্ম ও ওফাত দিবস। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.৬), **নিউ নেশন** (পৃ.১,ক.৩)।

সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** সিএনজি চালিত যানবাহনে নিম্নমানের ত্রুটিযুক্ত এবং অপরীক্ষিত ও মেয়াদোত্তীর্ণ গ্যাস সিলিন্ডারের ব্যবহার আতঙ্কে পরিণত হওয়ায় সচেতনতার পাশাপাশি আইন লঙ্ঘনকারীদের শাস্তির আওতায় আনার সুপারিশ।

খ. **সংবাদ, সমকাল :** নির্বাচন কমিশন পুনর্গঠনের লক্ষ্যে রাষ্ট্রপতির উদ্যোগ সফল করতে রাজনৈতিক দলগুলোকে আন্তরিক হওয়ার আহ্বান।

গ. **জনকণ্ঠ :** বগুড়ার শিবগঞ্জের উৎপাদিত বাঁধাকপি মালয়েশিয়া, সিঙ্গাপুর, ও তাইওয়ানে রফতানি হওয়ার বিষয় তুলে ধরে এ পণ্যের বাজারটি ধরে রাখতে সরকারের বিভিন্ন বিভাগের সহযোগিতা একান্ত প্রয়োজন বলে অভিমত।

ঘ. **প্রথম আলো :** ওয়াসার পানির মূল্য আবাসিক খাতে ১৭ শতাংশ ও বাণিজ্যিক খাতে ১৩ শতাংশ বৃদ্ধি করার অযৌক্তিক সিদ্ধান্ত প্রত্যাহার করার সুপারিশ।

ঙ. **যুগান্তর :** বাংলাদেশ কৃষি ব্যাংকের দুর্নীতির বিষয় তুলে ধরে ব্যাংকিং খাতে শৃঙ্খলা প্রতিষ্ঠা জরুরি বলে অভিমত।

চ. **ইনকিলাব :** আবাসন খাতের সংকট দূর করতে বিনিয়োগকারী বা ক্রেতা-বিক্রেতাদের ঝুঁকি ও অনাস্থা দূর করার বাস্তব উদ্যোগ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

ছ. **ইন্ডিপেনডেন্ট, নিউজ টুডে, ভোরের কাগজ :** শহিদ বুদ্ধিজীবী দিবসে গভীর শ্রদ্ধা জানিয়ে ঘাতকদের বিচার ও শাস্তি বুদ্ধিজীবী হারানোর শোক কিছুটা হলেও মোচন হবে বলে অভিমত।

জ. **ডেইলি সান :** বিশেষায়িত মেডিকেল ইনস্টিটিউট এবং জেলা ও উপজেলা পর্যায়ের হেলথ কমপ্লেক্সে আগুনে পোড়ার চিকিৎসার সুযোগ বাড়াতে এখাতে সুদক্ষ ব্যবস্থাপনা, পর্যাপ্ত লোকবল ও যন্ত্রপাতির ব্যবস্থা করার ওপর গুরুত্বারোপ।

উপ-সম্পাদকীয়

যুগান্তর পত্রিকায় প্রকাশিত কলামে শিক্ষকদের পাঠদান, শিক্ষার্থীর চরিত্র গঠন, পরিপূর্ণ মানুষ হিসেবে গড়ে তোলার কাজ ও দায়িত্বকে আন্তরিকভাবে গ্রহণ করতে হবে বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

সংবাদ পত্রিকায় প্রকাশিত **'স্বাধীনতাকে অর্থবহ করার প্রতিবন্ধকতা দূর করা দরকার'** শিরোনামের নিবন্ধে এনায়েত আলী বিশ্বাস শুধু দেশের মুক্তিযোদ্ধারা নয়, বিদেশে যারা মুক্তিযুদ্ধে নানাভাবে সহযোগিতা করেছেন তারাও মুক্তিযোদ্ধা, তারাও সম্মানের দাবিদার বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ডালিয়া/শুকলা/মরজিনা/রশীদ/২০১৬/৯.০০ ঘণ্টা